

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৮৩

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقي)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - শুভ ও অশুভ লক্ষণ

আরবী

وَعَن قَطن بن قَبيصة عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْعِيَافَةُ وَالطَّرْقُ وَعَن قَطن بن قَبيصة عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْعِيَافَةُ وَالطَّرْقُ وَالطِّيرَةُ مِنَ الْجِبْتِ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৫৮৩-[৮] কত্বান ইবনু কবীসাহ (রহঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (ভাগ্যের ভালো-মন্দ নির্ণয়ের জন্য) পাখি উড়ানো বা ঢিল ছোঁড়া বা কোন কিছুতে অশুভ লক্ষণ মান্য করা শির্কের অন্তরভুক্ত। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩৯০৭, গয়াতুল মারাম ৩০১, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৭৯৪, আল জামি'উস্ সগীর ৮৩৩৬, য'ঈফুল জামি' ৩৯০০, মুসান্নাফ 'আবদুর রায্যাক ১৯৫০২, আহমাদ ১৫৯১৫, ইবনু হিব্বান ৬১৩১, 'নাসায়ী'র কুবরা ১১১০৮, 'ত্ববারানী'র আল মু'জামুল কাবীর ১৫৩৩০, 'বায়হাকী'র কুবরা ১৬৯৫৭।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, হাদীসটির সনদে "হাইয়ান আবুল আ'লা" নামক বর্ণনাকারীকে নিয়ে মতভেদ রয়েছে। কেউ কেউ বলেন, তার নাম হাইয়ান। কেউ বলেন, হায়ান আবুল আ'লা; কেউ বলেন, হাইয়ান ইবনু 'উমায়র; অন্যরা বলেন, হিব্বান ইবনু মুখারিক- এত উলটপালট হওয়ায় বুঝা যাচ্ছে রাবী সংরক্ষেত নয়। এটিই প্রমাণ করে হাদীসটি য'ঈফ, বিস্তারিত দেখুন- গয়াতুল মারাম ফী তাখরীজি আহাদীসিল হালাল ওয়াল হারাম ৩০১ নং, ১৮৩-১৮৪ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (الْعِيَافَةُ) 'আইন' বর্ণে যের যোগে। (الْعِيَافَةُ) বলা হয়, কোন পাখিকে উড়িয়ে দেয়া, শুভ লক্ষণ গ্রহণ করা ও তার নামের উপর ভিত্তি করে শিক্ষা গ্রহণ করাকে। যেমন, শকুনের কারণে শাস্তির লক্ষণ মনে করা, কাকের কারণে নির্বাসনের লক্ষণ মনে করা এবং হুদহুদের কারণে হিদায়াতের লক্ষণ মনে করা। (الطّيَرَةُ) ও উভয়টির



মধ্যে পার্থক্য হলো (الطِّيَرَةُ) এর ক্ষেত্রে কেবল পাখির দ্বারাই অশুভ লক্ষণ মনে করা হয়। আর (الطِّيرَةُ এ এর ক্ষেত্রে শুধু পাখি নয়, বরং বিভিন্ন প্রাণী ও অন্যান্য জিনিসের মাধ্যমেও অশুভ লক্ষণ গণনা করা হয়। (মিরক্রাতুল মাফাতীহ)

ইবনুল 'আসীর (রহিমাহুল্লাহ) বলেনঃ (الْعِيَافَيَّة) পাখি উড়ানো, তার নাম দ্বারা তার শব্দ দ্বারা এবং তার অতিক্রম করার দ্বারা শুভ লক্ষণ গ্রহণ করা। আর এটি 'আরবদের অভ্যাসে প্রচুর পরিমাণে পরিলক্ষিত হতো। এতে তাদের কবিতায় বেশি দেখা যেত। বানূ আসাদ দলের লোকেরা (الْعِيَافَةُ)_কে এভাবেই বর্ণনা করত।

(الطُّرُقُ) 'ত্ব' বর্ণে যবর ও 'র' বর্ণে সাকিন যোগে। তা হলো সেই কংকর নিক্ষেপ যা মহিলারা করে থাকে। বলা হয়, তা হলো বালুর অংশ। নিহায়াহ্ গ্রন্থে এভাবেই এসেছে। ('আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৩৯০৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কত্বান ইবনু কবীসাহ্ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন